

## যীশু তাঁর প্রথম অনুগামীদের আহ্বান করেছিলেন

যীশুকে অনুসরণ করার আনন্দকে ছোটদের শিক্ষা দিন।

ছোটদের বয়স ও প্রয়োজন এর সাথে মানানসই শিক্ষার কার্যকলাপ বেছে নিন।

প্রার্থনাঃ “প্রভু! অন্যদের কাছে সুসমাচার থেকে তোমার জীবন সম্পর্কে শিক্ষা দিতে ছোটদেরকে সাহায্য কর।”

যীশুর দ্বারা তাঁর শিষ্যদের আহ্বান করার, গল্পটি শিক্ষা দেবার জন্য প্রস্তুত করুন। মথি ৪ঃ১৮-২২ অংশ পাঠ করুন। যীশু কিভাবে তাঁর পরিচর্যা কার্য চালিয়ে নিয়ে যাবার জন্য এবং তাঁর সম্পর্কিত সুসমাচারের বিস্তারের জন্য শিষ্যদেরকে মনোনীত করেছিলেন তা এই অংশটি ব্যক্ত করে।

একজন বড় ছেলে-মেয়েকে গল্পটি পড়তে অথবা মুখস্থ বলতে দিন। এরপর এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন। (প্রতি প্রশ্নের পর উত্তর দেওয়া হল)

- যীশু তাদেরকে আহ্বান করার আগে পিতর ও আন্দ্রিয় কি করছিলেন? (১৮ পদ)
- যদি তাঁর অনুগামী হয়, তবে তিনি তাদেরকে কি তৈরী করবেন বলে প্রতিজ্ঞা করেছিলেন? (১৯ পদ)
- যীশুকে তারা দুজন কিভাবে তৎক্ষণাৎ অনুসরণ করেছিলেন? (২০ পদ)
- অন্য কোন্ দুজন ব্যক্তিও মৎস্যধারী ছিলেন? (২১ পদ)
- তৎক্ষণাৎ যীশুকে অনুসরণ করার প্রাক্কালে নৌকাতে তারা কাদেরকে ছেড়ে এসেছিল? (২২ পদ)



মিথি ১০ঃ২-৪ অংশে দত্ত ১২জন শিষ্যের নাম গুলি মুখস্থ কর।

যীশু তাঁর শিষ্যদের আহ্বান করছেন এই গল্পটির কিছুটা অংশ নাটক আকারে প্রস্তুত কর।

- ছোটদের দ্বারা নাটকটির উপস্থাপনের জন্য, প্রধান আরাধনাকারী দলের নেতাদের নিয়ে তা করার ব্যবস্থা করুন।
- বড় ছেলেমেয়েদেরকে ছোটদের প্রস্তুতি নিতে সাহায্য করতে দিন।
- বড় ছেলেমেয়েরা অথবা প্রাপ্তবয়স্করা যীশু, শিমোন (পরে যার নাম পিতর হয়েছিল) আন্দ্রিয়, এবং ভাষ্যকার যিনি ছোটদের কি বলতে বা করতে হবে তা স্মরণ করিয়ে দেবেন ও গল্পটিকে সংক্ষিপ্ত করবেন, ইত্যাদি ভূমিকাগুলোতে অভিনয় করবেন।
- ছোট ছেলেমেয়েরা যাকোব, যোহন, সিবদীয় ও তাদের পিতা এবং অন্যান্য মৎসধারীদের ভূমিকায় অভিনয় করবে।  
বড় গামলা বা বসার পিঁড়ে উষ্টে নৌকার জন্য ব্যবহার করা হবে এবং মাছ ধরার জালের জন্য তারের জালি বা ঐরূপ কিছু ব্যবহার করা যেতে পারে।

**ভাষ্যকারঃ** গল্পটির অথবা এর কিছুটা অংশ পাঠ করবে। তারপর বলবে, “শিমোন, আন্দ্রিয়কে কি বলছে তা শ্রবণ করুন।”

**শিমোনঃ** “(নৌকার পাশে বসে) আন্দ্রিয়, ওই দেখ উনি হলেন নাসরতীয় যীশু, যিনি লোকদের সুস্থ করেন! তিনি যা শিক্ষা দেন তা আমি খুবই পছন্দ করি! কিন্তু তাঁর মত একজন উত্তম এবং গুরুত্বপূর্ণ ব্যক্তি কি আমাদের মত নগন্য লোককে দেখতে পাবে!”

**আন্দ্রিয়ঃ** “ঠিক বলেছ শিমোন, যীশু এমন একজন উত্তম শিক্ষক যে তাঁর আমাদের সাহায্যের প্রয়োজন নেই।”

**যীশুঃ** “শিমোন পিতর! এস আমাকে অনুসরণ কর! মনুষ্য ধরার কাজে তোমরা আমাকে সাহায্য করবে!”

**শিমোন ও আন্দ্রিয়ঃ** লাফ দিয়ে উঠে দাঁড়াবে। জাল ফেলে রেখে যীশুর কাছে দৌড়ে যাবে।

**যীশুঃ** “যোহন এবং যাকোব! তোমারাও আমার অনুসরণ কর।”

**যোহন ও যাকোবঃ** লাফ দিয়ে উঠে যীশুর কাছে দৌড়ে যাবে।

**সিবদীয়ঃ** “ওরা আমাকে, ওদের বাবাকে সমস্ত কাজ করার জন্য ফেলে রেখে চলে গেল! ঠিক আছে, আমার মনে হচ্ছে। এটা ভালো কিছুর জন্যই ঘটেছে!”

**অন্যান্য মৎসধারীরাঃ** নাটকটি শুরুর প্রাক্কালে মেঝের উপর বসে থাকবে। সিবদীয় যখন কথা বলবে তখন তারা উঠে দাঁড়াবে এবং যোহন ও যাকোবের দিকে অঙ্গুলি নির্দেশ করবে। তারা এরকম কিছু বলতে পারে যেমন, “ওই মুর্থ বোকা লোকগুলো!” “ওরা ওদের নৌকা ছেড়ে রেখে চলে গেল!” “যীশুকে অনুসরণ করার জন্য ওরা একটা ভালো কাজ ছেড়ে দিল!”

**ভাষ্যকারঃ** নাটক সমাপনান্তে যারা সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করবেন।

**প্রশ্নসমূহঃ** ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে উপরে দত্ত প্রশ্নগুলিকেও তাদেরকে জিজ্ঞাসা করতে দিন।

একটি মাছের ছবি অঙ্কন করুন ও ছোটদের তা নকল করতে বলন।



- বড় ছেলেমেয়েরা একটি নৌকার ছবিও আঁকতে পারে।



- ছেলেমেয়েদের আরাধনা চলাকালীন তাদের ছবিগুলি প্রাপ্ত বয়স্কদের দেখিয়ে ব্যাখ্যা করতে দিন যে ঈশ্বর কিভাবে মনুষ্য ধরার জন্য আমাদেরকে নতুন কাজ দেন, এই ছবিটা এই বিষয়টাকেই প্রকাশ করে।

লোকদেরকে যীশুকে অনুসরণ করতে সাহায্য করার মাধ্যমে, বিশ্বাসীরা কিভাবে মানুষ ধরে তার অন্যান্য উদাহরণ দেওয়ার জন্য ছেলেমেয়েদেরকে বলুন।

**কবিতা:** রোমীয় ৮ঃ৩৫-৩৯ অংশের প্রতিটি পদকে পাঁচজন ছেলেমেয়ের প্রত্যেককে একটি করে আবৃত্তি করতে দিন।

বড় ছেলেমেয়েদেরকে, গল্পে যীশুর যে কথাগুলি ব্যবহার করেছেন তা ব্যবহার করে একটি কবিতা বা গল্প লিখতে বলুন।

যোহন ১৫ঃ১৬ একত্রে মুখস্থ করুন।

**প্রার্থনা:** “পিতা ঈশ্বর, আমাদেরকে তোমার শিষ্য শিষ্যা হতে বেছে নেবার জন্য তোমাকে ধন্যবাদ দিই। আমরা তোমার বাধ্য হতে এবং তুমি যেমন বলেছ তেমন ফল উৎপন্ন করতে চাই। তোমার আহ্বানের প্রতি সত্বর সাড়া দিতে এবং মনুষ্যধারী হতে শিক্ষা করতে আমাদের সাহায্য কর।”

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from [www.Paul-Timothy.net](http://www.Paul-Timothy.net)